15

দৈনিক ইত্তেফাক

তারিখ ... OCT. 1 7 1999
পৃষ্ঠা ৪ কলাম ৫

# জগন্নাথ কলেজ নাকি সরকারী জগন্নাথ কলেজ?

আমি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ হইতে ১৯৯৪ সালের বি,এস,এস (সম্মান) এবং ১৯৯৫ সালের এম,এস,এস পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছি। আমি যখন আমার বি,এস,এস, (সম্মান) পরীক্ষার সাময়িক সনদপত্র সংগ্রহ করি, তখন তাহাতে দেখিতে পাই কলেজের নামের স্থলে সরকারী জগন্নাথ কলেজ লেখা কিন্তু এম,এস,এস সনদপত্রে লক্ষ্য করি কলেজের নাম লেখা রহিয়াছে শুধু জগন্নাথ কলেজ। প্রশ্ন হইতেছে, এক প্রতিষ্ঠানের নাম দুইভাবে লেখা কেন? তাহাও আবার সনদপত্রে। এব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ে যোগাযোগ করিয়াও কোন সদুত্তর পাওয়া যায় নাই। ইহাকে কি কর্তৃপক্ষের খামখেয়ালিপ্রসূত ভুল বলিয়া ধরিয়া নিব?

মোঃ ইফতেখারুজ্জামান ওহাব,
স্বরূপপুর,
বাগাতিপাড়া, নাটোর।